



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন যে মার্চের প্রথম দিন নিউ ইয়র্ক সিটি সাবওয়ে রাইডারশিপের নতুন রেকর্ড করেছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটিতে ওমিক্রন আসার পর থেকে নিউ ইয়র্ক সিটি সাবওয়ে একদিনের রাইডারশিপের নতুন রেকর্ড করেছে। মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) অনুযায়ী, সাবওয়ে সিস্টেম 1 মার্চে 3,145,294 জন যাত্রী বহন করেছে। রেকর্ডটি 10 ফেব্রুয়ারির [পুরনো রেকর্ড](#) ভাঙলো যখন সাবওয়েগুলি 3,118,851 জন যাত্রী বহন করেছিলো, সেই সময়কালে রাইডারশিপ আর্টটি পর পর দিনের মধ্যে সাত দিনই 3 মিলিয়ন রাইডারশিপ পার করেছিলো। সর্বশেষ রাইডারশিপ সংখ্যা 27 ডিসেম্বর, 2021 তারিখের ওমিক্রন চলাকালীন কর্মদিবসে সর্বনিম্ন সাবওয়ে রাইডারশিপ থেকে 56 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

"নিউ ইয়র্কবাসীরা গণপরিবহন রাইডারশিপে নতুন নতুন রেকর্ড করে যাচ্ছে, কোভিড থেকে আমাদের ফিরে আসা যে সুস্থিত ও দৃঢ়, এটি তার সব থেকে উৎসাহজনক নির্ণায়কগুলির একটি," **গভর্নর হোকল বলেন।** "সাবওয়ে হলো নিউ ইয়র্ক সিটির জীবনীশক্তি, এবং আমরা যাত্রী ফেরত আনতে এবং আমাদের পুনরুদ্ধার সঠিক পথে রাখতে আমাদের জন্য সম্ভব সবকিছুই করবো।"

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির প্রধান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "নিউ ইয়র্কবাসীরা তাদের কর্মকাণ্ড দ্বারা প্রদর্শন করছে যে সিটিতে চলাচলের সেরা উপায় হলো গণপরিবহন, এবং আকর্ষণীয় ভাড়া প্রচারণা উপলভ্য করে আমরা ভবিষ্যতে আরো রেকর্ড দেখার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের (New York City Transit) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ক্রেইগ সিপ্রিয়ানো বলেন, "নিউ ইয়র্ক সিটি ট্রানজিট যাত্রীদের ফিরিয়ে আনার জন্য উপলভ্য সকল ব্যবস্থা গ্রহণ করেছে। আরো ট্রেন ও বাস পরিচালক নিযুক্ত করার ফলে নিউ ইয়র্কবাসীরা যেই পর্যায়ে অভ্যস্ত সেই পর্যায়ের পরিষেবাতে ফেরত যাওয়া সহজতর হয়েছে এবং এখন যেহেতু মহামারী কমে যাচ্ছে, রাইডারশিপ আমরা যেই পর্যায়ে অভ্যস্ত সেই পর্যায়ে ফেরত যেতে পারবে।"

রাইডারশিপকে আরো উৎসাহিত করার জন্য, MTA একটি নতুন [ভাড়া-কমানোর পাইলট কর্মসূচী](#) শুরু করেছে যা ভাড়াকে আরো সাশ্রয়ী ও নমনীয় করে। কর্তৃপক্ষের স্পর্শবিহীন

পরিশোধ ব্যবস্থার মাধ্যমে সাপ্তাহিক ভাড়াতে এই ছাড়ে একটি "লাকি 13" ফিচার রয়েছে। প্রতি সপ্তাহের 13তম যাত্রা থেকে শুরু করে, সপ্তাহে এর পরের সকল সাবওয়ে বা বাস যাত্রা বিনামূল্যে করা যাবে।

2020 সালে মহামারী শুরু হওয়ার পর থেকে MTA অভূতপূর্ব পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ প্রোটোকল অবলম্বন করেছে যাতে সিস্টেমটি গ্রাহকদের জন্য যতটা সম্ভব নিরাপদ হয় তা নিশ্চিত করার জন্য। কর্তৃপক্ষ শক্তিশালী জনশিক্ষা প্রচারণাও শুরু করেছে এবং তার গ্রাহকদের লক্ষ লক্ষ মাস্ক প্রদান করেছে।

মহামারীর আগে, গড় সপ্তাহের কাজের দিনের চলাচলের সংখ্যা নিয়মিতভাবে 5.5 মিলিয়ন অতিক্রম করেছে সাবওয়ে সিস্টেমে। নিউ ইয়র্ক সিটি এলাকায় কোভিড-19 কেসের সংখ্যা তুঙ্গে থাকায় 2020 সালের এপ্রিল মাসে এই সংখ্যা 95 শতাংশ কমে প্রায় 300,000 দৈনিক যাত্রায় নেমে এসেছে। MTA কর্মচারীরা সম্মুখ সারির স্বাস্থ্যসেবা পেশাজীবী এবং অন্যান্য অপরিহার্য কর্মীদের জন্য পরিষেবা প্রদান করা অব্যাহত রেখেছে যাদের নিউ ইয়র্ক সিটির ইতিহাসে সব চেয়ে কঠিন দিনগুলিতে কাজে যাওয়ার প্রয়োজন ছিল।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418